# কৃষকের ধান বিক্রির দিন ও ক্রয় কেন্দ্র নিজেই স্থির করার পদ্ধতি

## (Self-scheduling by Farmer)

Version 2.0 তারিখ: ০২.১০.২৪


২০২৪-২৫ খরিফ বিপণন মরশুমে https://epaddy.wb.gov.in/ ওয়েবসাইট-এ নথিভুক্ত কৃষকই শুধুমাত্র সরকারি স্থায়ী বা অস্থায়ী ধান ক্রয় কেন্দ্রে ধান বিক্রি করতে পারবেন। নথিভুক্তিটি (farmer registration) সক্রিয় থাকলে, অর্থাৎ আধার, ব্যাঙ্ক একাউন্ট ও কৃষক বন্ধু প্রমাণীকৃত থাকলে কৃষক তাঁর ধান বিক্রির জন্য ক্রয়কেন্দ্র ও দিন স্থির করতে পারবেন। অ-নথিভুক্ত বর্গাদার হলে অর্থাৎ কৃষক বন্ধুতে নথিভুক্ত না থাকলে একটি স্ব-ঘোষণাপত্র দিয়ে কৃষক ধান বিক্রির জন্য ক্রয়কেন্দ্র ও দিন স্থির করতে পারবেন।

এই কেন্দ্র ও দিন স্থির করার পদ্ধতি নিচে দেওয়া হলো:


১। কৃষক ওয়েবসাইটের Home page-এ ‘Farmer Self-Scheduling’ মেনুতে যাবেন।





২। কৃষক তাঁর আধার নম্বর, ভোটার কার্ড নম্বর, কৃষক বন্ধু আইডি বা রেজিস্ট্রেশন নম্বর দেবেন এবং Submit বোতামটি টিপবেন।




৩। এতে তাঁর আধার-সংযুক্ত মোবাইলে OTP একটি যাবে। কৃষক OTPটি দেবেন এবং Validate OTP বোতাম টিপবেন।





৪। OTP টি সঠিক থাকলে আধার প্রমাণীকরণ সম্পন্ন হবে।




৫। ধান ক্রয়কেন্দ্র স্থির করার জন্য কৃষক তাঁর জমি যে জেলায় আবস্থিত সেই জেলার (পরিবর্তন করা যাবে না) মধ্যে যেকোনো একটি ব্লক/ মিউনিসিপ্যালিটি বেছে নেবেন।





৬। এবার তিনি সেই ব্লকে বা মিউনিসিপ্যালিটিতে অবস্থিত যেকোনো একটি ধান ক্রয়কেন্দ্র বেছে নেবেন। যদি ধান ক্রয় কেন্দ্রটি PPS অর্থাৎ কোনও সমবায় সমিতি, স্বনির্ভর গোষ্ঠী, কৃষকদের কম্পানি/ সংস্থা (FPO/FPC), LAMPS ইত্যাদি দ্বারা পরিচালিত হয়, তাহলে সেই সংস্থা যেখানে যেখানে ক্যাম্প করছে বা করতে চলেছে সেই venueগুলির মধ্যে যেকোনো একটি বেছে নেবেন। যদি ধান ক্রয় কেন্দ্রটি CPC বা mCPC হয় তাহলে venue বেছে নেওয়ার প্রয়োজন পড়বে না। এরপর কৃষক Submit বোতাম টিপবেন।




৭। অতঃপর বেছে নেওয়া সংস্থার বেছে নেওয়া venueতে যেকয়দিন ক্যাম্প রাখা হয়েছে, সেই তারিখগুলি দেখানো হবে। সেই দেখানো ক্যালেন্ডার থেকে কৃষক তাঁর ধান বিক্রির জন্য একটি দিন বেছে নেবেন । আগামী ৩০ দিনের মধ্যে সরকারি ছুটির দিন ছাড়া যেকোনো দিন বেছে নেওয়া যাবে। প্রত্যেকটি তারিখের নিচে সেইদিন কতগুলি স্লট ফাঁকা আছে, তা দেখানো হবে।





৮। দিনটি বেছে নিয়ে কৃষক Submit বোতাম টিপবেন।




৯। এবার কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এর তথ্য দেখানো হবে। এই ধাপটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এই অ্যাকাউন্ট-এই ধান বিক্রির মূল্য পাঠানো হবে। কৃষক যাচাই করে দেখে যদি তথ্য সঠিক দেখতে পান, তাহলে 'Yes, the bank details are correct' বোতামটি টিপবেন। অন্যথায় তিনি 'No, the bank details are incorrect' বোতাম টিপবেন – সেক্ষেত্রে schedulingএর কাজটি এখানেই বন্ধ হয়ে যাবে।





১০। এবারে কৃষক চলতি খরিফ মরশুমে এখনো পর্যন্ত কত ধান বিক্রি করেছেন, শেষ ধান বিক্রির তারিখ ও ধান বিক্রির কেন্দ্র দেখানো হবে। এরপরে তিনি আরো কতটা ধান বিক্রি করতে পারবেন সেটিও তিনি দেখতে পাবেন। এখানে তাঁর মোবাইল নম্বরটিও দেখানো হবে। তিনি Confirm বোতাম টিপে পরবর্তী ধাপে এগিয়ে যাবেন।




১১। এরপর যে দিনের জন্য কৃষক schedule করছেন, সেইদিন তিনি কতটা ধান বিক্রি করতে চান তা দেবেন। ১০ নম্বর ধাপে দেখানো এরপরে তিনি আরো কতটা ধান বিক্রি করতে পারবেন সেই পরিমাণকে এখানে অতিক্রম করা যাবে না।





১২। অতঃপর স্লট বেছে নেওয়ার পালা। ধান ক্রয় কেন্দ্রের কাজের সময়ে প্রতি ঘণ্টায় দশজন কৃষক ধান বিক্রি করতে পারেন। তাই প্রতি ঘণ্টায় দশটি করে স্লট দেওয়া থাকে। এখান থেকে সময় অনুযায়ী কৃষক যেকোনো একটি স্লট বেছে নিতে পারেন। ইতিমধ্যেই অন্য কৃষকেরা যেসব স্লট নিয়ে নিয়েছেন, সেগুলি বাদ দিয়ে যেকোনো স্লট নেওয়া যেতে পারে।



১৩। এরপর কৃষককে Submit বোতামটি টিপতে হবে।




১৪। কৃষকের বুকিং স্লিপটি এখন তৈরি। এখানে কৃষকের বেছে নেওয়া ক্রয়কেন্দ্র, ধান বিক্রির দিন ও স্লটের পরিষ্কার উল্লেখ থাকবে। Download বোতামটি টিপে কৃষক স্লিপটি ডাউনলোড করে নেবেন। ধান বিক্রির দিন ক্রয়কেন্দ্রে যাওয়ার সময়ে অবশ্যই এই স্লিপ এবং আধার-সংযুক্ত মোবাইল-টি কৃষক সঙ্গে রাখবেন।



১৫। একইসঙ্গে কৃষকের এই পোর্টালের দেওয়া মোবাইল নম্বরে তাঁর স্থির করা schedule-টি SMS-এর মাধ্যমেও জানানো হবে ।

